# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টা: ২২,০০০-৫৩,০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিনের অফিসের ০১(এক)টি শূন্য একাউন্টস অফিসার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-৫ স্কেলে নূন্যতম ৩.৫০ এবং সিজিপিএ-৪ স্কেলে নূন্যতম ৩.০০ সহ যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএ ও এমবিএ ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীকে ৬ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। ফিন্যান্স অথবা একাউন্টিং বিষয়ে ডিগ্রিধারীদের এবং হিসাব রক্ষণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্ত দরখাস্ত আগামী **২০-০৮-২০২৬** তারিখের মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে।

Bedatat